# B.A. 3rd Semester (Honours) Examination, 2019 (CBCS)

## Subject : Bengali

## Paper : CC-6

**Time: 3 Hours** **Full Marks: 60**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১. *যে কোনো দশটি* প্রশ্নের উত্তর দাওঃ ২×১০=২০

(ক) আদি-মধ্যযুগের বাংলা ভাষার সময়সীমা এবং এই সময়ের বাংলা ভাষার একটি সাহিত্যিক নিদর্শনের নাম উল্লেখ করো।

(খ) মান্য চলিত বাংলা প্রধানত কোন উপভাষানির্ভর? এই উপভাষা কোন অঞ্চলে প্রচলিত?

(গ) 'ঘৃষ্ট ধ্বনি' কীভাবে সৃষ্ট হয়? বাংলায় কোন ধ্বনিগুলিকে 'ঘৃষ্ট ধ্বনি' বলা হয়?

(ঘ) দ্বিস্বর (diphthong) কাকে বলে? দৃষ্টান্ত দাও।

(ঙ) 'কলম' শব্দটির উৎসমূল নির্ণয় করো। এটি কী জাতীয় শব্দ?

(চ) বাংলা ভাষায় গৃহীত দুটি পোর্তুগিজ শব্দের উদাহরণ দাও।

(ছ) একটি জটিল বাক্যের উদাহরণ দিয়ে বাক্যটিকে সরল বাক্যে রূপান্তরিত করো।

(জ) 'অর্ধচন্দ্র' শব্দটিতে শব্দার্থ-পরিবর্তনের কোন সূত্র কাজ করেছে বুঝিয়ে দাও।

(ঝ) দুটি মিশ্র শব্দের উদাহরণ দাও।

(ঞ) 'দ্বিমাত্রিকতা' কাকে বলে? দৃষ্টান্ত দাও।

(ট) শব্দ ও পদের পার্থক্যটি বুঝিয়ে দাও।

(ঠ) দৃষ্টান্তের সাহায্যে 'অনুদিত ঋণ' বিষয়টি বুঝিয়ে দাও।

(ড) সাধু ও চলিত গদ্যে সর্বনাম ও অব্যয়ের রূপ-পার্থক্যের একটি করে উদাহরণ দাও।

(ঢ) সংস্কারজনিত কারণে শব্দার্থ-পরিবর্তনের দুটি উদাহরণ দাও।

(ণ) 'সার্থক <u>জনম</u> আমার জন্মেছি এই দেশে'— অধোরেখাঙ্কিত শব্দটিতে কী জাতীয় ধ্বনি-পরিবর্তন ঘটেছে বুঝিয়ে দাও।

২. *যে কোনো চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×৪=২০

(ক) ভারতীয় আর্যভাষার কোন স্তর থেকে বাংলা ভাষার উদ্ভব? প্রাকৃত ও অপভ্রংশের স্তর বেয়ে কীভাবে বাংলা ভাষার উৎপত্তি হয়েছে, তার একটি সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+৪=৫

(খ) ধ্বনি কাকে বলে? উচ্চারণের প্রকৃতি অনুসারে বাংলা ব্যঞ্জনধ্বনির চারটি শ্রেণির আলোচনা করো। ১+৪=৫

(গ) বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত 'তদ্ভব শব্দ' নিয়ে আলোচনা করো। 'দাম' কী জাতীয় শব্দ? ৪+১=৫

(ঘ) যে-কোনো দুটি বিষয়ের পার্থক্য উদাহরণসহ বুঝিয়ে দাওঃ ২½×২=৫

(i) তৎসম ও অর্ধ-তৎসম শব্দ (ii) সমীভবন ও বিষমীভবন (iii) নাসিক্যীভবন ও স্বতোনাসিকীভবন (iv) মিশ্রণ ও জোড়কলম শব্দ

(ঙ) উদাহরণ-সহ টীকা লেখো (যে কোনো দুটি) ২½×২=৫

যোগরূঢ় শব্দ, মহাপ্রাণ ধ্বনি, বর্ণ বিপর্যয়, সাদৃশ্য

(চ) ভাষাতাত্ত্বিক টীকা লেখো (যে কোনো দুটি) ২½×২=৫

অন্ন, উজবুক, ধোঁয়াশা, পলতা

৩. *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×২=২০

(ক) আধুনিক বাংলা ভাষার সূচনা কোন সময় থেকে বলে মনে করা হয়? আধুনিক বাংলার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ২+৮=১০

(খ) অর্থ অনুসারে বাংলা বাক্যের বিভিন্ন শ্রেণির আলোচনা করো। 'পদগুচ্ছ' (Phrase) বলতে কী বোঝো? ৮+২=১০

(গ) স্বরধ্বনি কাকে বলে? রেখাচিত্রের সাহায্যে বাংলা স্বরধ্বনির পরিচয় দাও। ২+৮=১০

(ঘ) ধ্বনি পরিবর্তন বলতে কী বোঝায়? দৃষ্টান্তসহ স্বরধ্বনি লোপ ও ব্যঞ্জনধ্বনি লোপ বুঝিয়ে দাও। ২+৮=১০